

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪৮/২০১৫

অভিযোগকারী : মিনা রানী মুন্ডা

পিতা-মৃত সাগর মুন্ডা
গ্রাম-জেলেখালী, ডাকঘর-জেলেখালী
ইউনিয়ন-মুন্সিগঞ্জ
উপজেলা-শ্যামনগর, জেলা-সাতক্ষীরা।

প্রতিপক্ষ : জনাব বাবু সরজ মন্ডল

প্রধান শিক্ষক

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

৫৩নং কুলতলী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়,
শ্যামনগর, সাতক্ষীরা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৩-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী মিনা রানী মুন্ডা ০৩-১১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে বাবু সরজ মন্ডল, প্রধান শিক্ষক, ৫৩নং কুলতলী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ৫৩নং কুলতলী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়ের সময়সূচী জানতে চাই ও যে নীতিমালার ভিত্তিতে স্কুলের ছাত্র/ছাত্রীদের পুষ্টি বা বিস্কুট দেওয়া হয় সেই নীতিমালার কপি পেতে চাই।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৪-১২-২০১৪ তারিখে জনাব মোঃ ইসমাইল হোসেন, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অধিদপ্তর, শ্যামনগর, সাতক্ষীরা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১৬-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৩-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী মিনা রানী মুন্ডা তথ্য পেয়েছেন মর্মে টেলিফোনে অবগত করে গরহাজির। প্রতিপক্ষ বাবু সরজ মন্ডল, প্রধান শিক্ষক, ৫৩নং কুলতলী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা কোন কারণ ব্যতিরেকে গরহাজির।

পর্যালোচনা।

যেহেতু, অভিযোগকারী তথ্য পেয়েছেন মর্মে টেলিফোনে অবগত করেছেন এবং উভয়পক্ষ গরহাজির রয়েছে, সেহেতু অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অ: পৃ: দ্র:)

সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী তথ্য পেয়েছেন মর্মে টেলিফোনে অবগত করেছেন এবং গরহাজির রয়েছেন, সেহেতু অভিযোগটি নিষ্পত্তি করা হলো এবং প্রদত্ত তথ্যের কপি তথ্য কমিশনে প্রেরণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা শিক্ষা অফিসার, শ্যাম নগর, সাতক্ষীরাকে নির্দেশ দেয়া হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার